দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 25-DEC-2002
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬

# পাঠ্যক্রমে যৌন শিক্ষা অন্তর্ভুক্ত করার আবেদন

ইত্তেফাক রিপোর্ট ॥ গতকাল মঙ্গলবার 'ব্র্যাক' মিলনায়তনে সাউথ সাউথ সেন্টার আয়োজিত 'বাংলাদেশে যৌন শিক্ষা' শীর্ষক সেমিনারের প্রধান অতিথি শিক্ষা সচিব মোহাম্মদ শহিদুল আলম প্রাপ্তবয়স্ক ছেলেমেয়েদের যৌন শিক্ষার ওপর গুরুত্ব আরোপ করে বলেন, আমাদের সমাজ ব্যবস্থায় পিতামাতা ছেলেমেয়েদের সঙ্গে যৌন শিক্ষা সম্পর্কে খোলামেলা আলোচনা করতে বিব্রত বোধ করেন। সে ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদেরকে যৌন শিক্ষা দেয়ার ক্ষেত্রে অগ্রণী ভূমিকা পালন করতে পারেন বলে তিনি উল্লেখ করেন। তিনি বলেন, সেমিনারে উপস্থিত শিক্ষা কমিশনের সদস্যদের সুপারিশের প্রেক্ষিতে আগামী ২০০৪ সালের পাঠ্যক্রমে সেক্স এডুকেশনের কিছু বিষয় অন্তর্ভুক্ত করা হতে পারে বলে তিনি উল্লেখ করেন।

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সচিব মাহফুজুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত সেমিনারে বক্তব্য প্রদান করেন বাংলাদেশস্থ ইউএনএফপিএর প্রতিনিধি সুনেত্রা মুখার্জী, সাউথ সাউথ সেন্টারের পরিচালক জালালউদ্দিন আহমেদ প্রমুখ। সকালে বিজনেস সেশনে মূল প্রবন্ধ পাঠ করেন পপুলেশান কাউন্সিলের প্রজেক্ট ডাইরেক্টর ইসমত ভুঁইয়া। মূল প্রবন্ধের খুটিনাটি দিক পর্যালোচনা করে বক্তব্য রাখেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক রৌশন আরা ফিরোজ, অধ্যাপক এ, কে, এম নুরুননবী। সমাপ্তি অধিবেশনে দৈনিক ইনডিপেনডেন্ট পত্রিকার সম্পাদকীয় উপদেষ্টা মাহবুব হোসেন খান বক্তব্য প্রদান করেন।

প্রধান অতিথি বলেন, যৌন সম্পর্ক সম্পর্কে অজ্ঞতার কারণে দেশের অভ্যন্তরে দুরারোগ্য ব্যাধি ও এইডসের মত রোগ বিস্তার লাভ করছে। শিক্ষা সচিব বলেন, আমাদের এখন সময় এসেছে এর সম্পর্কে সম্যক জ্ঞান লাভ করা ও প্রাপ্তবয়স্ক যুবক-যুবতীদের এ ব্যাপারে আরো সচেতন করে তুলা। মহিলা বিষয়ক সচিব মাহফুজুল ইসলাম বলেন, শিক্ষার বিভিন্ন স্তরে সেক্স এডুকেশন পাঠ্যসূচীতে অন্তভুক্ত হওয়া প্রয়োজন।